আজকের কাগজ

তারিখ 02 OCT 1993
পৃষ্ঠা ৮ কলাম ৪

৭৪

# ৭ অক্টোবর সারাদেশে সরকারি কলেজে শিক্ষকদের ধর্মঘট

রাজবাড়ি কলেজের অধ্যক্ষ প্রফেসর ইয়াহিয়া ইসলাম ও তাঁর পরিবার এবং অন্যান্যের ওপর হামলাসহ বিভিন্ন সরকারি কলেজের অধ্যক্ষ ও শিক্ষকদের ওপর আক্রমণ এবং শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাসের প্রতিবাদে আগামী ৭ অক্টোবর বৃহস্পতিবার সরকারি কলেজের শিক্ষকরা সারাদেশে প্রতীক কর্মবিরতি পালন করবেন। গত ২৯ সেপ্টেম্বর সমিতির সভাপতি ও জগন্নাথ কলেজের অধ্যক্ষ ডঃ কিউ এ টি এম হাবিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত বি সি এস সাধারণ শিক্ষা সমিতির এক জরুরি সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

অধ্যক্ষ প্রফেসর ইয়াহিয়া ইসলাম, তাঁর স্ত্রী অধ্যাপিকা রাবেয়া বেগম, ছেলে রিপন গত ২৩ সেপ্টেম্বর রাতে দুষ্কৃতকারীদের ছোরা ও কুড়ালের আঘাতে মারাত্মকভাবে জখম হয়ে বর্তমানে ইসলামিয়া হাসপাতালে আছেন।